

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
<http://www.ds.gov.bd>


ক্রীড়া পরিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম সভার কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব মুহম্মদ নূরে আলম সিদ্দিকী পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
সভার তারিখ ও সময়	:	২৭ সেপ্টেম্বর, ২০২২ তারিখ দুপুর ২.৩০ ঘটিকা
স্থান/মাধ্যম	:	ভার্চুয়ালী
উপস্থিত	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব এস আই এম ফেরদৌউস আলম, সহকারী পরিচালক (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতপর কার্যপত্র অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে ক্রীড়া পরিদপ্তরের নিম্নোক্ত উদ্ভাবনী কর্মপরিকল্পনা বা ইনোভেটিভ আইডিয়া প্রাথমিকভাবে বাছাই করা হয়;

নং	উদ্ভাবনী কর্মপরিকল্পনা বা ইনোভেটিভ আইডিয়া
০১.	জাতীয় পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতা যেমন: বাংলাদেশ গেমস-এ ক্রীড়া পরিদপ্তরের নিজস্ব দল নিয়ে বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ।
০২.	ক্রীড়া পরিদপ্তরের সকল প্রশিক্ষণ ও প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড় এবং প্রতিভাবান খেলোয়াড়দের সঠিক বয়সসহ ডাটাবেজ তৈরীর জন্য অ্যাপস তৈরী করা।
০৩.	খেলাধুলায় উদ্বুদ্ধকরণ, জঙ্গীবাদ, মাদক, বাল্যবিবাহ, সন্ত্রাস সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ক্রীড়া দূত নিয়োগ করা।

সিদ্ধান্ত: - প্রাথমিকভাবে বাছাইকৃত উদ্ভাবনী কর্মপরিকল্পনা বা ইনোভেটিভ আইডিয়া হতে ০১ টি আইডিয়া নির্ধারণের জন্য আগামী অক্টোবর-২০২২ মাসের ২য় সপ্তাহে ০১ টি কর্মশালার মাধ্যমে চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৭.০৯.২০২২
মুহম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক (যুগ্মসচিব)
ফোন : ২২৩৩৫৫৭৯৭

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.২৫.০৩৬.২২-৫৯৪

তারিখ: ২৭ সেপ্টেম্বর, ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো;

- ০১। অধ্যক্ষ(সকল), সরকারি শারীরিক শিক্ষা কলেজ-----।
- ০২। চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সহকারী পরিচালক(প্রশাসন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। জেলা ক্রীড়া অফিসার(সকল)-----।


২৭.০৯.২০২২
মুহম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক (যুগ্মসচিব)
ফোন : ২২৩৩৫৫৭৯৭